

Student Counselling and Guidance Office
3rd Floor, Teacher Student Centre
University of Dhaka
Phone: 9661900-73 Ext. 4201
Mobile: 01338540348
e-mail: scgodirector.du@gmail.com



ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর
৩য় তলা, ছাত্র-শিক্ষক কেন্দ্র ভবন
ঢাকা বিশ্ববিদ্যালয়
ফোন : ৯৬৬১৯০০-৭৩ এক্স ৪২০১
মোবাইল: ০১৩৩৮৫৪০৩৪৮
ই-মেইল: scgodirector.du@gmail.com

ছা: নি: প: দ: নং ৯৪১/২/২০২৫-২০২৬

২৯ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
তারিখ :-----
১২ এপ্রিল ২০২৬ ইং

চেয়ারম্যান

ছাত্র-শিক্ষক কেন্দ্র

বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়

বিষয় : ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তিকৃত নবাগত শিক্ষার্থীদের
পরিচিতি কর্মসূচি অনুষ্ঠানে আমন্ত্রণ প্রসঙ্গ

মহোদয়,

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামে ভর্তিকৃত নবাগত শিক্ষার্থীদের পরিচিতি কর্মসূচি আগামী ২৬/০৪/২০২৬ ইং
রবিবার সংযুক্ত রুটিন অনুযায়ী সকাল ১০.০০ টায় ছাত্র-শিক্ষক কেন্দ্রের অডিটোরিয়াম, ক্যাফেটেরিয়া ও গেমস রুমে আয়োজন হতে
যাচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সুযোগ সুবিধার সাথে পরিচিত হবার জন্য পরিচিতি কর্মসূচি শিক্ষার্থীদের কাছে অত্যন্ত তাৎপর্যপূর্ণ
একটি দিন।

বিশ্ববিদ্যালয় শিক্ষা জীবনে শিক্ষার্থীদের স্মৃতিতে এই দিন স্মরণীয় করে রাখার জন্য পরিচিতি অনুষ্ঠানে মাননীয় উপাচার্য মহোদয় প্রধান
অতিথির আসন অলংকৃত করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন।


মাননীয় প্রো-উপাচার্য (প্রশাসন), প্রো-উপাচার্য (শিক্ষা), কোর্সকোড পরিচিতি কর্মসূচিতে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থেকে তাঁদের
মূল্যবান বক্তব্য রাখবেন।

পরিচিতি কর্মসূচিকে সাফল্য মন্ডিত করে তোলার জন্য আপনার বিভাগীয় ছাত্র-উপদেষ্টাবৃন্দ যাতে নবাগত শিক্ষার্থীদের সঙ্গে নিয়ে
উপস্থিত থাকতে পারেন সেই মর্মে ছাত্র-উপদেষ্টাদের পরামর্শ প্রদান প্রয়োজন। যথাসময়ে বিভাগীয় ছাত্র-উপদেষ্টাদের নিকট পরিচিতি
পুস্তিকা নবাগত শিক্ষার্থীদের মাঝে বিনামূল্যে বিতরণের জন্য প্রেরণ করা হবে।

অনুষ্ঠানে ছাত্র-শিক্ষক কেন্দ্রের অডিটোরিয়ামে সংযুক্ত রুটিন অনুযায়ী আপনার উপস্থিতি ও সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

পরিচিতি অনুষ্ঠানের তারিখ ও বার	শিক্ষার্থীদের উপস্থিতির সময়	ছাত্র-উপদেষ্টা এবং শিক্ষার্থীদের আসন ব্যবস্থা
২৬/০৪/২০২৬ ইং রবিবার	সকাল ৯.৩০ মিনিট	ছাত্র-শিক্ষক কেন্দ্রের ক্যাফেটেরিয়া

ধন্যবাদান্তে,


(অধ্যাপক ড. মেহজাবীন হক)
পরিচালক

ছাত্র-নির্দেশনা ও পরামর্শদান দফতর
ঢাকা বিশ্ববিদ্যালয়

সংযুক্তি: ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে আন্ডারগ্রাজুয়েট প্রোগ্রামের নবাগত শিক্ষার্থীদের পরিচিতি কর্মসূচির রুটিন